

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা মুহাম্মাদ বিন আমর বিন হালহালার যে হাদীস বর্ণনা করলাম তা সংক্ষিপ্ত হাদীস, বিস্তারিত আব্দুল হামীদ বিন জা'ফরের হাদীসে বর্ণিত হয়েছে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ خَبَرَ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَلْحَلَةَ الَّذِي ذَكَرْنَاهُ خَبَرٌ مُخْتَصَرٌ ذُكر بِقِصَّتِهِ فِي خَبَرِ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ

আরবী

1867 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مُحَمَّد حَدَّثَنَا عَمْرُو بْنُ عَبْدِ اللَّهِ الْأَوْدِيُّ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ حَدَّثَنَا عَبْدُ الْحَمِيد بْنُ جَعْفَرِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِو بْن عَطَاءٍ قَالَ: سَمِعْتُ أَبًا حُمَيْد السَّاعِديَّ يَقُولُ (كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ اسْتَقْبَلَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَادِيَ بهمَا مَنْكِبَيْهِ ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ وَإِذَا رَكَعَ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حِينَ رَكَعَ ثُمَّ عَدَلَ صُلْبَهُ وَلَمْ يُصوب رَأْسَهُ وَلَمْ يُقنعه ثُمَّ قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ بهمَا مَنْكِبَيْهِ ثُمَّ اعْتَدَلَ حَتَّى رَجَعَ كُلُّ عَظْم إِلَى مَوْضِعِهِ مُعْتَدلًا ثُمَّ هَوَى إِلَى الْأَرْضِ فَقَالَ: اللَّهُ أَكْبَرُ وَسَجَدَ وَجَافَى عَضُدَيْهِ عَنْ جَنْبَيْهِ وَاسْتَقْبَلَ بأَطْرَاف أَصنَابِع رجْلَيْهِ الْقِبْلَةَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَقَالَ: اللَّهُ أَكْبَرُ وَثَنَى رجْلَهُ الْيُسْرَى وَقَعَدَ عَلَيْهَا وَاعْتَدَلَ حَتَّى رَجَعَ كُلُّ عَظْمِ إِلَى مَوْضِعِهِ مُعْتَدِلًا ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ ثُمَّ عَادَ فَسَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَقَالَ: اللَّهُ أَكْبَرُ ثُمَّ تَنَّى رِجْلَهُ الْيُسْرَى ثُمَّ قَعَدَ عَلَيْهَا حَتَّى رَجَعَ كُلُّ عَظْم إِلَى مَوْضِعِهِ ثُمَّ قَامَ فَصَنَعَ فِي الْأُخْرَى مِثْلَ ذَلِكَ حَتَّى إِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْن كَبَّرَ وَصَنَعَ كَمَا صَنَعَ فِي ابْتِدَاءِ الصَّلَاةِ حَتَّى إِذَا كَانَت السَّجْدَةُ الَّتِي تَكُونُ خَاتِمَةَ الصَّلَاةِ رَفَعَ رَأْسَهُ مِنْهُمَا وأخَّر رجْلَهُ وَقَعَدَ مُتَوَرِّكًا عَلَى رجْلِهِ صلى الله عليه وسلم الراوي: أَبُو حُمَيْد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1867 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود))



.(720)

## বাংলা

১৮৬৭. আবৃ হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে দাঁড়াতেন, তখন কিবলামুখী হতেন এবং রফ'উল ইয়াদাইন করতেন, এমনকি হাতকে কাঁধ বরাবর করতেন। তারপর 'আল্লাহু আকবার' বলতেন। অতঃপর যখন রুকু' করতেন, তখন তাকবীর দিতেন এবং রফ'উল ইয়াদাইন করতেন। তারপর রুকু'তে পিঠ সোজা করতেন; পিঠকে উঁচু করতেন না আবার নিচুও করতেন না। তারপর রুকু' থেকে মাথা উত্তোলন করতেন, বলতেন, কুঁটু কুঁটু কুরতেন না আবার নিচুও করতেন না। তারপর রুকু' থেকে মাথা উত্তোলন করতেন, বলতেন, এমনকি হাতদ্বয়কে কাঁধ বরাবর করতেন। তারপর সোজা হয়ে দাঁড়াতেন, এমনকি প্রত্যেকটি হাড় স্বস্থানে ফিরে যেতো। তারপর (সাজদা করার জন্য) জমিনের দিকে ধাবিত হতেন, 'আল্লাহু আকবার' বলতেন এবং সাজদা করতেন। অসময় তিনি তাঁর বাহুদ্বয়কে তাঁর পার্শ্বদেশ থেকে ফাকা রাখতেন এবং পায়ের আন্সুলগুলোকে কিবলামুখী করতেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করতেন এবং বলতেন 'আল্লাহু আকবার'। তারপর তিনি বাম পা বিছিয়ে দিয়ে তার উপর সোজা হয়ে বসতেন, এমনকি তাঁর প্রত্যেকটি হাড় স্বস্থানে ফিরে যেতো। তারপর তিনি দাঁড়াতেন এবং অনুক্রপভাবে আরেক রাকা আত পড়ে নিতেন। এভাবে যখন তিনি দ্বিতীয় রাকা আত থেকে উঠতেন, তখন তিনি তাকবীর দিতেন এবং তেমনি করতেন, যেমন তিনি সালাতের শুরুতে করেছেন। অতঃপর যখন তিনি শেষ সাজদায় থাকতেন, তখন তিনি সাজদা থেকে মাথা উত্তোলন করতেন, গেনে নাথা উত্তোলন করতেন, তিনি বাম পা বের করে দিতেন এবং তাঁর পায়ের উপর তাওয়ার্রুক করে বসতেন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪২৪; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫; আবূ দাউদ: ৭৩০, ৯৬৩; তিরমিযী: ৩০৪; নাসাঈ: ৩/৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৫৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ৫৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৫; বাইহাকী: ২/২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুমায়দ সা'ঈদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন